অবিলম্বে প্রকাশের জন্য: 1/15/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ফার্স্ট রেস্পন্ডারদের জন্য জরুরি যোগাযোগ উন্নত করতে 38 মিলিয়ন মার্কিন ডলারের বেশি স্টেট তহবিল ঘোষণা করলেন

স্টেট থেকে তহবিল পাওয়া প্রোগ্রামগুলি জরুরি সাড়াদান সক্ষমতাকে জোরদার করার মাধ্যমে পুরো স্টেটের জরুরি যোগাযোগ ব্যবস্থাকে সমর্থন করে

তহবিল নতুন প্রজেক্ট, সরঞ্জাম স্থাপন এবং স্থানীয় পর্যায়ে উন্নত যোগাযোগ চ্যানেলকে সমর্থন করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে ফার্স্ট রেসপন্ডারদের জন্য জরুরি যোগাযোগ উন্নত করতে 17টি কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটিকে (New York City) 38 মিলিয়ন মার্কিন ডলারের বেশি স্টেট তহবিল দেওয়া হবে, যা নিউ ইয়র্কবাসীকে আরো নিরাপদ করবে। Statewide Interoperable Communications Grant প্রোগ্রামটি এমন রেডিও টাওয়ার গঠন ও মেরামত করতে স্থানীয় সরকারের চেষ্টাকে সমর্থন করবে যা তাদেরকে দুর্যোগ এবং জরুরি অবস্থার সময় অন্যান্য জরুরি রেসপন্ডারদের সাথে যোগাযোগ করতে দিবে। এই টাওয়ারগুলি স্থাপন ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করবে যাতে যখন প্রয়োজন সবথেকে বেশি হবে তখন যোগাযোগের লাইন পরিষ্কারভাবে অ্যাক্সেসিবল থাকতে পারে।

"একটি জীবন রক্ষা করা একটি ফোন কলের উপর নির্ভর করতে পারে, এবং আমাদের ফার্স্ট রেসপন্ডারদের কাছে সবথেকে নির্ভরযোগ্য জরুরি যোগাযোগ ব্যবস্থা থাকা প্রয়োজন যাতে তারা সবথেকে কঠিন সময়ে অন্য নিউ ইয়র্কবাসীদের সাহায্য করতে পারেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ফার্স্ট রেসপন্ডারদের প্রস্তুতি উন্নত করতে জরুরি সাড়াদানে বিনিয়োগ করা জীবন ও মৃত্যুর মধ্যে পার্থক্য হতে পারে, আমাদের পুরো স্টেটে জননিরাপত্তাকে অগ্রাধিকার দিতে আমি প্রতিশ্রুতিবদ্ধ আছি।"

স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES) এই তহবিলের পরিচালনা করবে, যা 2024 এবং 2025 সালের (Statewide Interoperable Communications Grant, SICG) টার্গেটেড অনুদান প্রোগ্রামের অধীনে পাওয়া যাবে। SICG টার্গেটেড প্রোগ্রামের মূল লক্ষ্য হলো ইন্টার অপারেবিলিটি ইনফ্রাস্ট্রাকচারের শূন্যস্থান পূরণ করা, আঞ্চলিক যোগাযোগের ঘাটতি দূর করা, এখনকার সিস্টেমের বাহুল্য ও স্থিতিশীলতা উন্নত করা এবং ন্যাশনাল ইন্টার অপারেবিলিটি চ্যানেলগুলির (National Interoperability Channels) বাস্তবায়নকে সমর্থন করা। নিউ ইয়র্ক

স্টেটের (New York State) সকল কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটি SICG টার্গেটেড তহবিলের জন্য আবেদন করার যোগ্য ছিলো। প্রাপকেরা জরুরি যোগাযোগ প্রজেক্টের জন্য এই তহবিল ব্যবহার করতে পারবে, যেমন নতুন সরঞ্জাম স্থাপন করা, জননিরাপত্তা রেডিও সিস্টেমের মধ্যে যোগাযোগ চ্যানেল উন্নত করা এবং ইন্টার রিজিওনাল জরুরি যোগাযোগ এবং ফার্স্ট রেসপন্ডারের প্রস্তুতির প্রচার করার সমর্থনকে ট্রেনিং দেওয়া এবং অনুশীলন করা।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেন, "এখনকার জরুরি যোগাযোগ ব্যবস্থাকে আধুনিক করে এবং আমাদের কাউন্টি ও তাদের পার্টনারদের মধ্যে ইন্টার অপারেবিলিটির আরো প্রচার করে আমাদের স্থানীয় সাড়াদানকারীদের সমর্থন করতে এই অর্থ একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ধন্যবাদ, গভর্নর Hochul (হোকল), জননিরাপত্তাকে একটি অগ্রাধিকার করার জন্য এবং আমাদের জরুরি যোগাযোগ ব্যবস্থাকে সম্ভাব্য সকল উপায়ে জোরদার করতে চেষ্টা সম্ভব করার জন্য।"

আজকে ঘোষিত SICG টার্গেটেড অনুদানগুলি নিচে দেওয়া হয়েছে:

কাউন্টি	**অর্থের পরিমাণ**	**প্রজেক্ট**
Allegany	$3,000,000	অ্যালেগানি (Allegany) কাউন্টি কানেক্টিভিটি উন্নত করবে, যার মধ্যে কেন্দ্রী কনসোল এবং সিস্টেমের অংশ থাকবে।
Chautauqua	$1,900,000	শ্যাটাকোয়া (Chautauqua) কাউন্টি সরঞ্জাম উন্নত করবে, যার ফলে ন্যাশনাল ইন্টার অপারেবিলিটি চ্যানেলের এক্সপ্যানসশন সম্ভব হবে।
Clinton	$3,000,000	ক্লিন্টন (Clinton) কাউন্টি দুইটি ইন্টার অপারেবিলিটি রেডিও সাইট এবং একটি সিস্টেম CORE-এর বদলি তৈরি করবে যাতে তাদের জননিরাপত্তা যোগাযোগ নেটওয়ার্ককে উন্নত করা যায়।
Erie	$560,800	ইরি (Erie) কাউন্টি ন্যাশনাল ইন্টার অপারেবিলিটি চ্যানেলকে উন্নত করবে, যা আশেপাশের এলাকার সাথে ইন্টার অপারেবিলিটিকে জোরদার করবে।
Herkimer	$975,000	হারকিমার (Herkimer) কাউন্টি সকল ব্যান্ডে ন্যাশনাল ইন্টার অপারেবিলিটি চ্যানেলকে বড় করবে, যার ফলে পুরো কাউন্টির কভারেজ ও সক্ষমতা উন্নত হবে।
Madison	$1,873,905	ম্যাডিসন (Madison) কাউন্টি পুরোনো হার্ডওয়্যার এবং সরঞ্জাম বদলে ফেলবে, যার মধ্যে কনসোল থাকবে।
Monroe	$1,609,992	মনরো (Monroe) তাদের নেটওয়ার্কে ন্যাশনাল ইন্টার অপারেবিলিটি চ্যানেলকে বড় করবে, যার ফলে পুরো কাউন্টির কভারেজ ও সক্ষমতা উন্নত হবে।
New York City	$3,000,000	নিউ ইয়র্ক সিটি, নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের (New York City Police Department, NYPD) P25 ট্রাঙ্কিং সিস্টেমকে

		উন্নত করবে, যার ফলে সক্ষমতা, কভারেজ, এবং নিয়ন্ত্রণ উন্নত হবে এবং একই সাথে ইন্টারফেয়ারেন্স সমস্যা দূর হবে।
Oneida	$3,000,000	ওনিডা (Oneida) কাউন্টি কাউন্টির ভেতরে ন্যাশনাল ইন্টার অপারেবিলিটি চ্যানেলের উন্নতি করতে সরঞ্জাম হালনাগাদ করবে।
Onondaga	$2,584,800	ওনোন্ডাগা (Onondaga) কাউন্টি সকল ব্যান্ডে ন্যাশনাল ইন্টার অপারেবিলিটি চ্যানেলকে বড় করবে, যার ফলে পুরো কাউন্টির কভারেজ ও সক্ষমতা উন্নত হবে।
Putnam	$3,000,000	পুটন্যাম (Putnam) কাউন্টি আশেপাশের কাউন্টি এবং এজেন্সির সাথে যোগাযোগ জোরদার করতে যোগাযোগের ইনফ্রাস্ট্রাকচার যোগ করার মাধ্যমে আঞ্চলিক ইন্টার অপারেবিলিটি উন্নত করবে।
Rensselaer	$1,950,000	রেনসেলার (Rensselaer) কাউন্টি ন্যাশনাল ইন্টার অপারেবিলিটি চ্যানেল হালনাগাদ ও উন্নত করবে, যা আশেপাশের কাউন্টির সাথে ইন্টার অপারেবিলিটি উন্নত করবে।
Schoharie	$3,000,000	স্কহারি (Schoharie) কাউন্টি আশেপাশের কাউন্টির সাথে একটি শেয়ার্ড রেডিও কোর তৈরি করবে, যা রেডিও কনসোলগুলিকে একে অন্যের সাথে সংযুক্ত করবে এবং ইন্টার অপারেবিলিটি উন্নত করার জন্য মাইক্রোওয়েভ নেটওয়ার্ক ব্যবহার করবে।
Suffolk	$3,000,000	সাফোক (Suffolk) কাউন্টি ন্যাশনাল ইন্টার অপারেবিলিটি চ্যানেলকে বড় করবে, এবং পুরোনো সরঞ্জামকে হালনাগাদ করবে।
Sullivan	$2,000,000	সালিভ্যান (Sullivan) কাউন্টি রেডিও সিস্টেমের অংশকে হালনাগাদ করবে, যার মধ্যে রিপিটার, এবং অ্যান্টেনা সিস্টেম থাকবে।
Ulster	$3,000,000	আলস্টার (Ulster) কাউন্টি বাড়তি লিংক তৈরি করবে যা ইন্টার অপারেবিলিটি পার্টনার ব্যবস্থাকে নিজেদের মধ্যে আরো সংযুক্ত করে, যাতে কাউন্টির সীমানার বাইরেও জাতীয় ইন্টার অপারেবিলিটি রিসোর্স ভাগ্য করে নেওয়া যায়।
Washington	$1,024,514	ওয়াশিংটন (Washington) কাউন্টি রেডিও ব্যবস্থার অংশগুলির উন্নয়ন করবে, এবং একই সাথে ইন্টার কাউন্টি সংযোগ স্থাপন করবে।
Yates	$183,000	ইয়েটস (Yates) কাউন্টি একটি রেডিও সাইটের জন্য তাদের ব্যাকআপ জেনারেটরকে উন্নত করবে।

স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস টেরোরিজম, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, আগুন এবং অন্যান্য জরুরি অবস্থার প্রতিরোধ, এগুলি থেকে সুরক্ষা, এগুলির জন্য প্রস্তুতি নেওয়া, সাড়াদান, এবং পুনরুদ্ধারের চেষ্টার ব্যাপারে নেতৃত্ব, সমন্বয় এবং সমর্থন দিয়ে থাকে। আরো তথ্যের জন্য DHSES-এর Facebook পেজ ভিজিট করুন, X-এ @NYSDHSES ফলো করুন বা dhses.ny.gov ভিজিট করুন।

রিয়েল টাইম জরুরি এবং আবহাওয়ার অ্যালার্ট টেক্সট সরাসরি আপনার ফোনে পান। নাম লেখানোর জন্য আপনি যে কাউন্টি বা বরোতে বাস করছেন তার নাম 333111-এ টেক্সট করুন। আরো জানুন dhses.ny.gov/emergency-alerts-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন